গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে ৩০শে সেপ্টেম্বর,২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হামিদুর রহমান<br>মহাপরিচালক |
| তারিখ | : | ৩০শে সেপ্টেম্বর,২০২০ |
| সময় | : | ২.৩০ টা |
| স্থান | : | মহাপরিচালকের অফিস কক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর প্রথম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:-

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুসারে নিয়মিত নৈতিকতা কমিটির সভার বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (আইআরপি) নৈতিকতা কমিটির সভা নিয়মিত হয় মর্মে অবহিত করেন। | নিয়মিত নৈতিকতা কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম তুলে ধরার সাথে সাথে কাজের মান উন্নয়নে অংশীজনদের নিয়ে সভা করার উপর গুরুত্বআরোপ করা হয়। করোনা পরিস্থিতিতে সার্বিক বিষয় পর্যালোচনা করে সরাসরি অথবা অনলাইনলে অংশীজনদের সাথে সভা করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | করোনা পরিস্থিতি বিবেচনা করে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষন আয়োজন | কর্মকর্তা-কর্মচারিদের নিয়মিত আভ্যন্তরীন প্রশিক্ষনের সাথে চাকরি সংক্রান্ত বিষয় অন্তভূক্ত করার মতামত দেয়া হয়। চাকরি সংক্রান্ত বিষয় আভ্যন্তরীন প্রশিক্ষণে অন্তভূক্ত করার বিষয়টি নিশ্চিত করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করে। | কর্মকর্তা-কর্মচারিদের চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আভ্যন্তরীন প্রশিক্ষনে অন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভূক্ত করা হয়েছে মর্মে পরিচালক (আইআরপি) মতামত ব্যক্ত করেন। | সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৩.১ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্মকর্তা-কর্মচারি প্রবিধানমালা | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশের জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আইন মন্ত্রণালয় হতে সামান্য সংশোধন করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে মতামত চাওয়া হয়েছে। | মন্ত্রণালয়ে যোগাযোগ করে দ্রুত মতামত আইন মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যেগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩.২ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বিধিমালা | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর বিধিমালা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মতামত ব্যক্ত করেন। | মন্ত্রণালয়ে যোগাযোগ করে দ্রুত আইন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রবাস বন্ধু কলসেন্টারে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর সমূহ, যেমন-০১৭৯৪৩৩৩৩৩৩, ০১৭৮৪৩৩৩৩৩৩এবং টেলিফোন নম্বর -৯৩৩৪৮৮৮ওয়েবসাইটে দৃশ্যমান করা হয়েছে। | সেবা সংক্রান্ত মোবাইল ও টেলিফোন নম্বর সমূহ নিয়মিত মণিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রতিষ্ঠানের চিহ্নিত অন্তরায় সমূহ নিরসনকল্পে গৃহিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।পরিচালক (আইআরপি) জানান যে আইটি শাখা ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সসহ যাবতীয় তথ্য নিয়মতিকরণ করা হয়েছে। | শুদ্ধাচার সেবাবক্সসহ ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৪.৩ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানান যে, পরিকল্পনা অনুযায়ী ৩১/১২/২০২০ তারিখের মধ্যে তথ্য প্রকাশ নির্দেশিকা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে মর্মে জানান। | পরিকল্পনা অনুযায়ী নিদিষ্ট সময়ের মধ্যে তথ্য প্রকাশ নির্দেশিকা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবা বক্স রয়েছে এবং তা নিয়মিত আইটি শাখার মাধ্যমে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে পরিচালক (আইআরপি) মতামত ব্যক্ত করেন। | সেবাবক্স নিয়মিত ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪.৫ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | অনলাইনে সেবা-সংক্রান্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থায় অধিকতর শৃঙ্খলা বিধান, এ সংক্রান্ত কতিপয় অস্পষ্টতা দূরীকরণ এবং অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত আপলোড করে হালনাগাদ করার বিষয়ে মতামত দেয়া হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | কার্যক্রমের মধ্যে উত্তম চর্চার একটি তালিকা প্রস্তুত করে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের মতামত ব্যক্ত করা হয। | কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক গৃহীত রি-ইন্টিগ্রেশন ও পূর্ণবাসন প্রকল্প জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্ন্তভূক্ত করার বিষয়ে মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ করার মতামত ব্যক্ত করা হয়। | রি-ইন্টিগ্রেশন ও পূর্ণবাসন প্রকল্প জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ই-টেন্ডারের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যাবতীয় ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে মর্মে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানান। | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যাবতীয় ক্রয় কার্য সম্পাদন এবং ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৭.২ ই টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-টেন্ডারের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যাবতীয় ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে মর্মে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মতামত ব্যক্ত করেন। | ই-টেন্ডারের মাধ্যমে যাবতীয় ক্রয় কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানান যে, সিটিজেন চার্টার দ্রুত তৈরী করে অফিসের দর্শনীয় স্থানে স্থাপনের মতামত ব্যক্ত করেন। | সিটিজেন চার্টার দ্রুত তৈরী করে অফিসের দর্শনীয় স্থানে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নথির শ্রেণি বিন্যাসকরণ করা হয়েছে মর্মে অবহিত করেন। | ভবিষ্যতেও নথির শ্রেণি বিন্যাসকরণ এর বিষয়টি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮.৫ শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (অর্থ ও কল্যাণ) এ বিষয়ে অবহিত করেণ যে, নথি বিনষ্টকরণ বিষয়ে কমিটি গঠন করা হয়েছে। কিন্তু করোনা মহামারির কারণে নথি বিনষ্টকরণ প্রক্রিয়া বর্তমানে স্থগিত রয়েছে। | নথি বিনষ্টকরণ প্রক্রিয়া পুনরায় শুরু করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৯.১ দুর্নীতি প্রতিরোধে সচেতনতা মূলক কর্মশালা/সভা আয়োজন | দুর্নীতি প্রতিরোধে অভিবাসী কর্মী ও স্টেকহোল্ডারদের অংশগ্রহণের মাধ্যমে সচেতনতামূলক কর্মশালা/সভা আয়োজন করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়। | দুর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক কর্মশালা/সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯.২ দুর্নীতি প্রতিরোধে মৃতের পরিবারকে এসএমএস'র মাধ্যমে অর্থ প্রদানের বিষয়টি অবহিত করণ | প্রবাসে মৃত কর্মীদের আর্থিক অনুদান, বকেয়া বেতন ও মৃত্যু জনিত ক্ষতিপুরণের অর্থ বিইএফটিএন (BEFTN) এর মাধ্যমে মৃতের ওয়ারিশদের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব নম্বরে প্রেরনের প্রায় ৫(পাঁচ) দিন পূর্বে এস এমএস এর মাধ্যমে মৃতের ওয়ারিশদের অবহিত করা হয়। | মৃতের ওয়ারিশদের এস এমএস এর মাধ্যমে অবহিত করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯.৩ বিমানবন্দরে মৃতদেহ হস্তান্তর ও চেক প্রদান কার্যক্রম নিয়মিত মনিটরিং | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানান যে, তিনটি আন্তর্জতিক বিমান বন্দরে মৃতদেহ হস্তান্তর ও চেক প্রদান কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে মর্মে অবহিত করা হয়। | বিমান বন্দরে মৃতদেহ হস্তান্তর ও চেক প্রদান নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯.৪ বোর্ড প্রদত্ত সেবাসমূহের বিষয়ে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ ফরম প্রচলন | ওয়েজ আর্নার্স কল্যান বোর্ডের প্রদত্ত সেবাসমূহের বিষয়ে মতামত ফরম প্রস্তুত করা হয়েছে মর্মে পরিচালক (আইআরপি) জানান। এ বিষয়ে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করেন। | বোর্ড প্রদত্ত সেবাসমূহের মতামত গ্রহণের জন্য মতামত ফরম চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান | 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর বিধানানুসারে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। পরিচালক (আইআরপি) জানান যে, শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কমিটি রয়েছে। চলতি অর্থ বছরের শেষে উক্ত কমিটি শুদ্ধাচার পুরস্কার প্রদান করবে মর্মে অবহিত করেন। | 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী নিদিষ্ট সময়ে' শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১১.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৫ লক্ষ টাকা অর্থ বরাদ্দ রয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় বর্ণিত অর্থ স্বচ্ছতা ও মিতব্যয়ীতার সাথে ব্যয় করার বিষয়ে মতামত দেয়া হয়। | শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থ স্বচ্ছতা ও মিতব্যয়ীতার সাথে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১২.১ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ গত ০৫জুলাই,২০২০ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে আপলোডকরণ নিয়মিত করা হয়ে থাকে। | কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১মন্ত্রণালয়ে প্রেরণ ওয়েবসাইটে আপলোডকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ সিদ্ধান্ত গৃহীত হয়। |

৩.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি